RICE EDUCATION

Daily

Current Affairs

FOR WBCS EXAMINATION

DATE

24 Oct 2026

Daily Current Affairs for WBCS

24th OCTOBER,2026

১. পুরস্কার ও সম্মাননা



- ভারতের মহামান্য **রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু** ছত্তিশগড়ের রাইপুর শহরে বিশিষ্ট **সিন্ধি সাধিকা মাতা সাহেব হাসি দেবী জির** দ্বিশতবার্ষিকী উপলক্ষ্যে ২০০ টাকা মূল্যের একটি স্মারক মুদ্রা উন্মোচন করেছেন।

২. নিয়োগ ও সংবাদের শিরোনামে ব্যক্তিত্ব



- **সুনীল কুমার** ক্যাবিনেটের নিয়োগ কমিটি (ACC) কর্তৃক তেল ও প্রাকৃতিক গ্যাস কর্পোরেশন (ONGC)-এর পরবর্তী চেয়ারম্যান পদে ৩ বছরের মেয়াদের জন্য অনুমোদিত হয়েছেন।
- আঙ্কা-মারিয়া ভর্মা আগামী ৫ বছরের মেয়াদের জন্য (২০শে অক্টোবর, ২০২৬ থেকে ১৯শে অক্টোবর, ২০৩১) ভারতে রাষ্ট্রসংঘের IIMSAM সংস্থার অ্যাম্বাসেডর-অ্যাট-লার্জ হিসেবে নিযুক্ত হয়েছেন।

৩. সরকারি স্কিম, নীতি এবং জনকল্যাণমূলক উদ্যোগ



- কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক চলতি বছরের ৩০শে নভেম্বর পর্যন্ত কার্যকর রাখার জন্য **'খেত বাঁচাও অভিযান – রবি ২০২৬'** শীর্ষক একটি বিশেষ অভিযান শুরু করেছে।
- **ওপেনএআই (OpenAI) সংস্থা** 'ওপেনএআই অ্যাকাডেমি'-র মাধ্যমে ভারতের সিভিল সার্ভিস বা সরকারি সেবায় কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধিতে **'কর্মযোগী ভারত'**-এর সাথে অংশীদারিত্ব করেছে।

৪. খেলাধুলা



- জাপানের আইচি-নাগোয়া শহরে ১৮ থেকে ২৪শে অক্টোবর, ২০২৬ পর্যন্ত অনুষ্ঠিত এশিয়ান প্যারা গেমসে ভারত অত্যন্ত সফলভাবে অংশগ্রহণ করে। এই প্রতিযোগিতায় ভারত মোট **১১৪টি পদক** অর্জন করে **হাংজু ২০২৩**-এর ১০৮টি পদকের পূর্ববর্তী রেকর্ড ভেঙে নতুন ইতিহাস সৃষ্টি করেছে।

- আইচি-নাগোয়া এশিয়ান প্যারা গেমস ২০২৬-এ ভারতের তারকা অ্যাথলেট **শীতল দেবী দুটি স্বর্ণপদক** ও **একটি রৌপ্যপদকসহ** মোট **তিনটি পদক** জিতে দেশের সবচেয়ে সফল ক্রীড়াবিদ হিসেবে আবির্ভূত হয়েছেন।

৫. বিজ্ঞান, মহাকাশ ও প্রযুক্তি

- টেকেমিটুস্পেস (TakeMe2Space) নামক প্রতিষ্ঠান এনভিডিয়া থর জিপিইউযুক্ত স্পেসএক্স ফ্যালকন ৯ রকেটের সাহায্যে ২০২৮ সালে ভারতের প্রথম নেটওয়ার্কড অরবিটাল ডেটা-সেন্টর মিশন মহাকাশে প্রেরণের পরিকল্পনা ঘোষণা করেছে।
- এসডিএএল (SDAL) সফলভাবে ভারতীয় সেনাবাহিনীর নিকট দেশীয় প্রযুক্তিতে তৈরি অ্যান্টি-ট্যাংক **'নাগাস্ত্রী ২ লোয়ারিং মুনিশন সিস্টেম'** হস্তান্তর করেছে।

৬. শীর্ষ সম্মেলন, বিল এবং আন্তর্জাতিক বিষয়াবলী

- গ্রীসের সংসদ ১৫ বছরের কম বয়সী শিশুদের সামাজিক মাধ্যম বা সোশ্যাল মিডিয়া ব্যবহার নিষিদ্ধ করে একটি নতুন আইন পাশ করেছে, যা আগামী ১লা জানুয়ারি, ২০২৭ থেকে কার্যকর হবে।

৭. বই, লেখক এবং গুরুত্বপূর্ণ দিনগুলি

- ১৯৬২ সালে প্রতিষ্ঠার স্মৃতিচারণ করে প্রতি বছর ২৪শে অক্টোবর সারা দেশজুড়ে ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ (ITBP) প্রতিষ্ঠা দিবস পালিত হয়।
- **১৯৪৫ সালে রাষ্ট্রসংঘ সনদ** (UN Charter) কার্যকর হওয়ার **৮১তম** বার্ষিকী উপলক্ষ্যে ২৪শে অক্টোবর, ২০২৬ তারিখে বিশ্বজুড়ে **রাষ্ট্রসংঘ দিবস** উদযাপিত হলো। **বর্তমান রাষ্ট্রসংঘের মহাসচিব হলেন আন্তোনিও গুতেরেস।**



৮. বিবিধ

- কেন্দ্রীয় সরকারের বার্ষিক শিল্প সমীক্ষা (ASI) ২০২৪-২৫ অনুযায়ী দেশজুড়ে মোট ২.৭ লক্ষ সক্রিয় কারখানা এবং ১.৬৭ কোটি শ্রমিক কর্মরত রয়েছেন।
- **জিএসএমএ** (GSMA) কর্তৃক প্রকাশিত **ইন্ডিয়া কনভেশন স্ক্যাম রিপোর্ট ২০২৬** অনুযায়ী, সমীক্ষায় অংশগ্রহণকারী ভারতীয়দের প্রায় ১২ শতাংশ গত এক বছরের মধ্যে সাইবার জালিয়াতি বা প্রতারণার শিকার হয়েছেন।

৯. পশ্চিমবঙ্গ কারেন্ট অ্যাফেয়ার্স

- ফিনল্যান্ডে প্রবাসী বাঙালিদের আয়োজিত ঐতিহ্যবাহী দুর্গাপূজা উৎসব **আনুষ্ঠানিকভাবে ফিনল্যান্ডের 'জাতীয় জীবন্ত ঐতিহ্য তালিকা'** (National Inventory of Living Heritage)-য় অন্তর্ভুক্ত করা হয়েছে।

অনুশীলনী প্রশ্নাবলী

প্রশ্ন ১. ১৯৪৫ সালে রাষ্ট্রসংঘ সনদের কার্যকর হওয়ার কোন ঐতিহাসিক মাইলফলকটিকে স্মরণ করে প্রতি বছর ২৪শে অক্টোবর বিশ্বজুড়ে 'রাষ্ট্রসংঘ দিবস' পালন করা হয়?

(এ) সান ফ্রান্সিসকো সম্মেলনে রাষ্ট্রসংঘ সনদে স্বাক্ষর

(বি) ১৯৪৫ সালে রাষ্ট্রসংঘ সনদের আনুষ্ঠানিকভাবে কার্যকর হওয়া

সি) মানবাধিকারের সর্বজনীন ঘোষণাপত্র গ্রহণ

(ডি) রাষ্ট্রসংঘ সাধারণ পরিষদের প্রথম ঐতিহাসিক অধিবেশন

উত্তর: (বি) ১৯৪৫ সালে রাষ্ট্রসংঘ সনদের আনুষ্ঠানিকভাবে কার্যকর হওয়া (২০২৬ সালে যার ৮১তম বার্ষিকী পূর্ণ হয়েছে)

প্রশ্ন ২. ক্যাবিনেটের নিয়োগ কমিটি (ACC) সম্প্রতি তেল ও প্রাকৃতিক গ্যাস কর্পোরেশন (ONGC)-এর পরবর্তী চেয়ারম্যান পদে কার নিয়োগ অনুমোদন করেছে?

(এ) সঞ্জীব সিং

(বি) সুনীল কুমার

(সি) অরুণ কুমার সিং

(ডি) রাজেশ ভার্মা

উত্তর: (বি) সুনীল কুমার

প্রশ্ন ৩. কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রক সম্প্রতি চলতি বছরের ৩০শে নভেম্বর পর্যন্ত সময়সীমা ধরে কোন বিশেষ অভিযানটির সূচনা করেছে?

(এ) খেত বাঁচাও অভিযান – রবি ২০২৬

(বি) কিষাণ সুরক্ষা অভিযান ২০২৬

সি) কৃষি বিকাশ পখওয়াদা

(ডি) অন্নদাতা কল্যাণ যোজনা

উত্তর: (এ) খেত বাঁচাও অভিযান – রবি ২০২৬

প্রশ্ন ৪. কোন দেশের সংসদ সম্প্রতি আগামী ১লা জানুয়ারি, ২০২৭ থেকে কার্যকর হতে চলা ১৫ বছরের কম বয়সী শিশুদের জন্য সোশ্যাল মিডিয়া ব্যবহার নিষিদ্ধকরণ আইন পাশ করেছে?

(এ) ফ্রান্স

(বি) অস্ট্রেলিয়া

(সি) গ্রীস

(ডি) জার্মানি

উত্তর: (সি) গ্রীস

প্রশ্ন ৫. প্রতি বছর কোন তারিখে ভারতে ইন্দো-তিব্বত সীমান্ত পুলিশ (ITBP) প্রতিষ্ঠা দিবস অত্যন্ত মর্যাদার সাথে পালন করা হয়?

(এ) ১৫ই আগস্ট

(বি) ২রা অক্টোবর

(সি) ২৪শে অক্টোবর

(ডি) ১৪ই নভেম্বর

উত্তর: (সি) ২৪শে অক্টোবর (১৯৬২ সালে এর প্রতিষ্ঠার স্মৃতিতে)

***